# ধানমন্ডিতে নিষিদ্ধ আওয়ামী লীগের ঝটিকা মিছিল, হাতবোমার বিস্ফোরণ




ছবি: সংগৃহীত

রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বর এলাকায় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীদের ঝটিকা মিছিল ছত্রভঙ্গ করেছে পুলিশ। এ সময় অন্তত চারটি হাতবোমার বিস্ফোরণ ঘটে। শনিবার দুপুর সোয়া ১২টার দিকে এ ঘটনা ঘটে বলে জানিয়েছেন ধানমন্ডি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্মদ ইমদাদুল ইসলাম।

ওসি বলেন, মিছিলের জন্য একদল লোক জড়ো হলে পুলিশ তাদের সরিয়ে দেয়। তখন কয়েকটি হাতবোমার বিস্ফোরণ ঘটানো হয়। ঘটনাস্থল থেকে তিনজনকে আটক করা হয়েছে। তাদের পরিচয় ও সংশ্লিষ্টতা যাচাই শেষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানান তিনি।

ঘটনাস্থলে থাকা ব্যানারে ‘মোহাম্মদপুর থানা আওয়ামী লীগ’ লেখা ছিল। একটি ভিডিওতে দেখা যায়, ‘জয় বাংলা’ স্লোগান দিয়ে একদল মানুষ মিছিল করে এগিয়ে যাচ্ছেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, ইবনেসিনা হাসপাতালের পাশ থেকে মিছিলটি শুরু হয়। ২৭ নম্বর সড়কের বাটার বিক্রয়কেন্দ্রের সামনে পৌঁছালে পুলিশ তাদের ধাওয়া দেয়। এ সময় একাধিক হাতবোমার বিস্ফোরণ ঘটে।

LENS ASIA